



মোঃ মাকরুজ্জামান
সচিব
বোর্ড ও জনসংযোগ বিভাগ
মোংলা বন্দর কর্তৃপক্ষ
ওয়েব সাইটঃ www.mpa.gov.bd

সংবাদ বিজ্ঞপ্তি

‘পদ্মা সেতু চালু হওয়ায় মোংলা বন্দর দিয়ে ঢাকার গার্মেন্টস পন্য রপ্তানি শুরু’

চলতি বছরের ২৫ জুন মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক পদ্মা সেতু উদ্বোধন হওয়ায় দক্ষিণবঙ্গের যে কয়টি প্রতিষ্ঠানের কার্যক্রম বৃদ্ধি পাচ্ছে তার মধ্যে মোংলা বন্দর কর্তৃপক্ষ অন্যতম। পদ্মা সেতু চালু হওয়ার সাথে সাথেই এবন্দর দিয়ে ঢাকার গার্মেন্টস পন্য রপ্তানি শুরু হয়েছে। এরই ধারাবাহিকতায় ২৮ জুলাই, ২০২২ তারিখে ঢাকার ফকির এপ্যারেলস লি., উইন্ডি এপ্যারেলস লি., কে.সি লিনজেরিয়া লি., আর্টিস্টিক ডিজাইন লি., নিট কনসার্ন লি., মেঘনা নিট কম্পোসিট লি., শারমিন এপ্যারেলস লিমিটেড সহ মোট ২৭ টি গার্মেন্ট ফ্যাক্টরির বাচ্চাদের পোশাক, জার্সি ও কার্ডিগান, টি-শার্ট, ট্রাওজার, সহ বিভিন্ন গার্মেন্টস পন্য নিয়ে মার্কস নেসনা নামক পানামা পতাকাবাহী একটি জাহাজ মোংলা বন্দরের ৮ নং জেটি থেকে পোল্যান্ডের উদ্দেশ্যে রওনা করে।

পদ্মা সেতু চালু হওয়ায় ঢাকা থেকে মোংলা বন্দরের দূরত্ব ১৭০ কি. মি. সেখানে ঢাকা থেকে চট্টগ্রাম বন্দরের দূরত্ব ২৬০ কি. মি.। মোংলা বন্দরে জাহাজ হ্যান্ডলিং দ্রুত ও নিরাপদে হয় একই সাথে ঢাকার সাথে দূরত্ব কমে যাওয়ায় সময় ও অর্থ দুয়েরই সাশ্রয় হওয়ায় ব্যবসায়ীরা মোংলা বন্দর দিয়ে আমদানি-রপ্তানি করায় আগ্রহী হয়েছে।

মোংলা বন্দর কর্তৃপক্ষের মাননীয় চেয়ারম্যান রিয়ার এডমিরাল মোহাম্মদ মুসা বলেন, মোংলা বন্দরের জন্য আজকে একটি স্মরণীয় দিন। মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক পদ্মা সেতু উদ্বোধনের পর ১ মাসের মধ্যে পদ্মা সেতু হয়ে মোংলা বন্দর এর মাধ্যমে গার্মেন্টস পন্য রপ্তানির নবযাত্রা শুরু হলো। বিভিন্ন গার্মেন্ট কোম্পানির কন্টেইনার নিয়ে সরাসরি বন্দর হতে পোল্যান্ডের উদ্দেশ্যে এ পন্য রপ্তানি হচ্ছে। ভবিষ্যতে আমদানি-রপ্তানি এ ধারা আরও বৃদ্ধি পাবে ইনশা আল্লাহ।

স্বাক্ষরিত/-
সচিব